



আবুধাবি-দুবাইয়ের বন্দর খালি করার আহ্বান ইরানের



ছবি: সংগৃহীত

সংযুক্ত আরব আমিরাতের আবুধাবি ও দুবাইয়ের বন্দর এলাকা দ্রুত খালি করার আহ্বান জানিয়েছে ইরান। শনিবার (১৪ মার্চ) দেশটির সামরিক মুখপত্রের বরাতে এ তথ্য প্রকাশ করে রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তাসনিম নিউজ এজেন্সি।

ইরানের খাতাম আল-আনবিয়া মুখপাত্র ইব্রাহিম জুলফকারি বলেন, সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন শহরে থাকা ‘শত্রুপক্ষের’ ক্ষেপণাস্ত্র স্থাপনাকে লক্ষ্য করে নতুন হামলার পরিকল্পনা রয়েছে। সম্ভাব্য ক্ষয়ক্ষতি এড়াতে দেশটির মুসলিম জনগণকে বন্দর, ডক ও মার্কিন স্থাপনা এলাকা ত্যাগের অনুরোধ জানানো হয়েছে।

আমিরাতের নেতৃত্বের উদ্দেশ্যে তিনি দাবি করেন, এসব অভিযান ইরানের সার্বভৌমত্ব ও ভূখণ্ড সুরক্ষার বৈধ অধিকার হিসেবেই পরিচালিত হচ্ছে। তার ভাষ্য অনুযায়ী, ইতোমধ্যে আমিরাতের কয়েকটি শহরে অবস্থিত মার্কিন স্থাপনাও হামলার আওতায় এসেছে।

এ ছাড়া তিনি অভিযোগ করেন, অঞ্চলে মার্কিন ঘাঁটি ক্ষতিগ্রস্ত হওয়ার পর আমিরাতের বন্দর এলাকায় অবস্থান নিয়ে মার্কিন বাহিনী ইরানের আবু মুসা দ্বীপ ও খার্ক দ্বীপ-এর কিছু অংশে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে।